

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন  
৫, কাওরান বাজার, ঢাকা।  
Website: www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.০১.২৩৬.১৫. ৪২০২

তারিখঃ ২০/০৪/২০১৯খ্রিঃ

বিষয়ঃ জেলাধীন চলমান প্রকল্প/কর্মসূচির সঠিক তথ্য প্রদান সংক্রান্ত।

সূত্রঃ উপপরিচালক (পরিদর্শন), বিআরডিবি, ঢাকা এর স্মারক নং-৪৭.৬২.০০০০.৩০৯.২৫.১০৭.১৬.১৯০৪,  
তারিখঃ ২৪/০২/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব আরিফ জুলফিকার উপপরিচালক (পরিদর্শন), বিআরডিবি, ঢাকা বিগত ০৯/০১/২০১৯ খ্রিঃ ও ১০/০১/২০১৯ খ্রিঃ তারিখে যথাক্রমে ময়মনসিংহ জেলা দপ্তর ও মুক্তাগাছা উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের পর্যবেক্ষনসমূহ নিম্নরূপঃ


১। অর্থবছরের ছয় মাস অতিবাহিত হলেও ফুলবাড়িয়া, ত্রিশাল, গফরগাঁও, ঈশ্বরগঞ্জ, ধোবাউড়া উপজেলায় আবর্তক (কৃষি) ঋণ বিতরণ শূন্য, ত্রিশাল ও গফরগাঁও উপজেলায় ব্যাংক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা থাকলেও বিতরণ শূন্য, গফরগাঁও, গৌরিপুর, ঈশ্বরগঞ্জ, উপজেলায় মডু ব্যাংক ঋণ বিতরণ শূন্য, ত্রিশাল, ধোবাউড়া উপজেলায় সদাবিক ঋণ বিতরণ শূন্য, মুক্তাগাছা, ফুলবাড়িয়া, ত্রিশাল, গফরগাঁও, ঈশ্বরগঞ্জ, নান্দাইল, ফুলপুর, হালুয়াঘাট, ধোবাউড়া উপজেলায় পল্লী প্রগতির ঋণ বিতরণ শূন্য। এ ব্যাপারে তদারকী কর্মকর্তা হিসাবে কি ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন তা জানা প্রয়োজন।

২। জেলার ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১১৯২৯.৬৬ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৮৯৯০.৫১ লক্ষ টাকা। চলতি ঋণ ১১৭৩.২৪ লক্ষ টাকা এবং মেয়াদোত্তীর্ণ ১২৭১.৯৭ লক্ষ টাকা অর্থাৎ মোট বকেয়া ঋণ ২৪৪৫.২১ লক্ষ টাকা। অথচ ক্রমপুঞ্জিত বিতরণ ও আদায় হিসাব করলে বকেয়া থাকবে ২৯৩৯.১৫ লক্ষ টাকা। মেয়াদোত্তীর্ণ ঋণ এর সঠিক তথ্য গোপন করা হয়েছে।

৩। মাসিক প্রতিবেদনের তথ্য অনুযায়ী ৩০/০৬/২০১৮ খ্রিঃ তারিখে ময়মনসিংহ জেলার চলতি ঋণ ছিল ১০৮০.০০ লক্ষ টাকা এবং মেয়াদোত্তীর্ণ ১৫৩১.৪৪ লক্ষ টাকা, মোট বকেয়া ঋণ ২৬১১.৪৪ লক্ষ টাকা। ডিসেম্বর/১৮ মাসের প্রেরিত এপিএ রিপোর্ট অনুযায়ী বছরে ঋণ বিতরণ ছিল ৪৫৮.৯১ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৪৫৫.৭৩ লক্ষ টাকা তদপ্রেক্ষিতে মাঠে মোট বকেয়া ঋণের পরিমাণ ২৬১৪.৬২ লক্ষ টাকা যার মধ্যে মেয়াদোত্তীর্ণ ১৫৪৫.৫৩ লক্ষ টাকা। কিন্তু প্রতিবেদনে ১২৭১.৯৭ লক্ষ টাকা দেখানো হয়েছে। মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের তুলনামূলক বিবরণ/গড়িমিলের কোন তথ্য সঠিকভাবে উপস্থাপিত হয়নি।

৪। জেলায় অব্যয়িত ভর্তুকির ৪০৬.৩১ লক্ষ টাকা আবর্তক (কৃষি) ঋণ তহবিলের স্থানান্তরপূর্বক ঋণ বিতরণ করার নির্দেশনা থাকলেও তহবিল স্থানান্তরিত হয়নি। এ ব্যাপারে তদারকী কর্মকর্তা হিসাবে কি ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা জানা প্রয়োজন।

এমতাবস্থায়, সকল প্রকল্প/কর্মসূচির সমিতিওয়ারী বকেয়া ঋণের ডিটেললিষ্ট (সমিতি/দলের নাম, সর্বশেষ ঋণ বিতরণের তারিখ, ঋণ বিতরণের পরিমাণ, সদস্য সংখ্যা, ডিসেম্বর/১৮ পর্যন্ত আদায়, বকেয়া ঋণ চলতি ও মেয়াদোত্তীর্ণ) করে ঋণ খতিয়ান, সাধারণ খতিয়ান এর সাথে যাচাই করে সঠিক তথ্য আগামী ৩০/০৪/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
মোঃ মাহমুদুল হোসাইন খান  
(যুগ্মসচিব)  
পরিচালক (সরেজমিন)  
ফোনঃ ৮১৮০০০৬

উপপরিচালক  
বিআরডিবি, ময়মনসিংহ।

জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ।

১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধসহ)।

২। উপপরিচালক (পরিদর্শন), বিআরডিবি, ঢাকা।

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।